

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-২৪ (মাদরাসা-২)  
(www.moedu.gov.bd)

1696


নং- ৩৭.০০.০০০০.০৮৫.৪৪.০১৮.১৬- ৯৩৭

তারিখ: ১১ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিক পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান/শাখা/বিষয় খোলার প্রস্তাব বিবেচনা বা প্রতিবেদন প্রেরণ করার ক্ষেত্রে তারিখের ক্রম(সিরিয়াল) অনুযায়ী কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রাথমিক পাঠদান অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান/শাখা/বিষয় খোলার প্রস্তাব বিবেচনার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/স্থানীয় মাননীয় সংসদ সদস্য/মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়গণ আবেদন/সুপারিশ মন্ত্রণালয় এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকায় প্রেরণ করে থাকেন। প্রাপ্ত আবেদনসমূহের উপর বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে সরেজমিনে পরিদর্শনসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে প্রতিবেদন চাওয়া হয়। কিন্তু অনেক ক্ষেত্রে অভিযোগ পাওয়া যায়, যে সকল আবেদন পূর্বে মন্ত্রণালয় হতে বোর্ডে প্রেরণ করা হয়েছে বা বোর্ড সরাসরি প্রাপ্ত হয়েছে সে সকল আবেদন বিষয়ে পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরিত হয় না বরং অনেক ক্ষেত্রে পরে বোর্ডে গৃহীত বা প্রাপ্ত আবেদনের প্রতিবেদন আগে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে। এতে করে মন্ত্রণালয়কে বিব্রত অবস্থার সম্মুখীন হতে হয় যা মোটেও কাম্য নয়।

০২। এমতাবস্থায়, এখন থেকে বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাথমিক পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান/শাখা/বিষয় খোলার আবেদনপত্র প্রাপ্তির তারিখের ক্রম (সিরিয়াল) অনুযায়ী অর্থাৎ যে সকল আবেদন আগে মন্ত্রণালয়/বোর্ড কর্তৃক প্রাপ্ত হবে সে আবেদন বিষয়ে আগে তদন্ত/পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে বিবেচনার লক্ষ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।



(মোহাম্মদ শহীদুল্লাহ)  
সহকারী সচিব (মাদরাসা-২)  
ফোন: ৯৫৪৯৩৯৬

রেজিস্ট্রার ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত),  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বখশি বাজার, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (মাদরাসা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০/৮